# আত্ তারগীব ওয়াত্ তারহীব

হাদিস নাম্বারঃ ১০৪

৩. ইলম বা বিদ্যা (كتاب العلم)

পরিচ্ছেদঃ ৪) ওলামাগণকে সম্মান, মর্যাদা ও শ্রদ্ধা দেয়ার প্রতি উদ্বুদ্ধকরণ ও তাদেরকে অসম্মান করা ও তাদেরকে পরওয়া না করার প্রতি ভীতি প্রদর্শন

## الترغيب في إكرام العلماء وإجلالهم وتوقيرهم والترهيب من إضاعتهم وعدم المبالاة بهم

আরবী

(حسن ) وَعَنْ عَبْدِ اللهِ بْنِ بُسْرٍ، قَالَ:"لَقَدْ سَمِعْتُ حَدِيثًا مُنْذُ زَمَانٍ: إِذَا كُنْتَ فِي قَوْمٍ عِشْرِينَ رَجُلًا، أَوْ أَقَلَّ، أَوْ أَكْثَرَ، فَتَصَفَّحْتَ فِي وُجُوهِهِمْ، فَلَمْ تَرَ فِيهِمْ رَجُلًا يُهَابُ فِي اللهِ، فَاعْلَمْ أَنَّ الْأَمْرَ قَدْ رَقَّ ". رواه أحمد والطبراني في الكبير

বাংলা

১০৪. (হাসান) আবদুল্লাহ বিন বুসর (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, আমি বহুদিন পূর্বে একটি হাদীছ শুনেছিলামঃ

’’তুমি যদি কোন লোকদের মাঝে থাক যেখানে বিশজন বা তার চাইতে কম বা বেশী লোক থাকে। অতঃপর তাদের চেহারা দেখে যদি এমন কোন ব্যাক্তি না পাও যাকে মহান পরাক্রমশালী আল্লাহর ব্যাপারে ভয় করা হয়।[1] তবে মনে করবে দ্বীন ক্ষীণ হয়ে গেছে।’’

(আহমাদ ৪/১৮৮ ও ত্বাবরানী [কাবীর] গ্রন্থে হাসান সনদে হাদীছটি বর্ণনা করেছেন)

ফুটনোট

[1] . অর্থাৎ- তাদের মধ্যে এমন আল্লাহ ভীরু পরেহজগার নেক লোক নেই যার চেহারার দিকে তাকালে সততা ও নিষ্ঠার ছাপ লক্ষ্য করা যায়; ফলে তার প্রতি অন্তরে ভয় মিশ্রিত শ্রদ্ধা সৃষ্টি হয়, তাহলে মনে করবে ইসলাম ধর্ম তাদের মধ্যে ক্ষীণ ও দুর্বল হয়ে গেছে। (আল্লাহই অধিক জানেন)

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী  বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু বুসর (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=87864

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন